


প্রজ্ঞাপন

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নির্দেশক্রমে নিম্নবর্ণিত ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি গঠন করা হলোঃ

- |  |              |
|--|--------------|
| ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান   | - সভাপতি     |
| ২। মহিলা সদস্য (৩ জন, সভাপতি কর্তৃক মনোনীত)  | - সদস্য      |
| ৩। পুরুষ সদস্য (৩ জন, সভাপতি কর্তৃক মনোনীত)  | - সদস্য      |
| ৪। শিক্ষক প্রতিনিধি (মাধ্যমিক/মাদ্রাসা হতে ১ জন,<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | - সদস্য      |
| ৫। ক্লাব প্রতিনিধি (কিশোর/কিশোরী ক্লাব হতে ১ জন,<br>সভাপতি কর্তৃক মনোনীত)                    | - সদস্য      |
| ৬। কমিউনিটি পুলিশ (প্রত্যেক ওয়ার্ডের ১ জন)  | - সদস্য      |
| ৭। স্থানীয় এনজিও প্রতিনিধি (১জন,<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)                | -সদস্য       |
| ৮। ইমাম প্রতিনিধি (১ জন, সভাপতি কর্তৃক মনোনীত)   | - সদস্য      |
| ৯। নিকাহ রেজিস্ট্রার(১ জন, সভাপতি কর্তৃক মনোনীত)   | - সদস্য      |
| ১০। স্থানীয় নেতৃস্থানীয় ব্যক্তি (১জন,<br>উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)          | - সদস্য      |
| ১১। একজন মুক্তিযোদ্ধা প্রতিনিধি উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)                     | - সদস্য      |
| ১২। ছাত্র/ছাত্রী প্রতিনিধি (স্কুল/কলেজ/ মাদ্রাসা- ২জন,<br>সভাপতি কর্তৃক মনোনীত)              | - সদস্য      |
| ১৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের একজন প্রতিনিধি                                | - সদস্য      |
| ১৪। ইউনিয়ন পরিষদ সচিব   | - সদস্য সচিব |

ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির কার্যপরিধি :

- প্রতি মাসে ওয়ার্ড ভিত্তিক সভা করে নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করা।
- ওয়ার্ড ভিত্তিক নারী নির্যাতন ও বাল্য বিবাহের তথ্য সংগ্রহ পূর্বক উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ কমিটিকে প্রদান করা।
- নারী নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে ব্যর্থ হলে তাৎক্ষণিকভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের হেল্প লাইন ১০৯২১ এ জানানো এবং প্রয়োজ্য ক্ষেত্রে ভিক্টিম সাপোর্ট সেন্টার বা ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টার বা পুলিশ হেল্প ডেস্ক এর সাথে যোগাযোগ করবে।
- কমিটির সদস্য সচিব মাসিক মিটিং এর আয়োজন করবে এবং কার্যবিবরণী উপজেলা নারী ও শিশু নির্যাতন কমিটির সভাপতির নিকট প্রেরণ করবে।
- কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপট করতে পারবে।

  
(মোঃ গোলাম মোস্তফা)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫৯৯৬

mostafa\_dhaka2010@yahoo.com

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক, .....
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, .....
- ৩। উপনিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ, লেখাসামগ্রী, ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (পরবর্তী গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধসহ)।
- ৪। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,.....(সংশ্লিষ্ট সকলকে বিতরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, .....
- ৬। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, .....